

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.shed.gov.bd



নং-৩৭.০০.০০০০.০৭৪.০২৮.০০১.২০২০-৭১

তারিখ: ২২ চৈত্র, ১৪২৯ বঙ্গাব্দ
০৫ এপ্রিল, ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বিরুদ্ধে অভিযোগ/এমপিওভুক্তকরণ/বকেয়া প্রদান/বেতন ভাতার সরকারি অংশ ছাড়করণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে দাখিলকৃত নিম্নবর্ণিত আবেদনসমূহ এতদসঙ্গে প্রেরণ করা হলো:


ক্র নং	আবেদনকারী/ডি.ও প্রদানকারীর নাম ও ঠিকানা।	বিষয়
১.	জনাব, এ.কে.এম আব্দুর নূর, অধ্যক্ষ, বাসুদেবপুর চন্দ্র কিশোর স্কুল এন্ড কলেজ, পলাশবাড়ী, গাইবান্ধা।	গাইবান্ধা জেলার পলাশবাড়ী উপজেলাধীন বাসুদেবপুর চন্দ্র কিশোর স্কুল এন্ড কলেজের প্রভাষক জনাব মোঃ আব্দুর রশিদ মিয়া এর এমপিওভুক্তির জন্য আবেদন করলে All documents verification needed উল্লেখ করে রিজেক্ট করা হয়। তিনি তাকে এমপিওভুক্তির জন্য অনুরোধ জানিয়েছেন।
২.	জনাব রবীন্দ্রনাথ বর্মণ, কিশামত উচ্চ বিদ্যালয়, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।	ঠাকুরগাঁও জেলার সদর উপজেলাধীন কিশামত উচ্চ বিদ্যালয় এর (১) খগেশ্বর বর্মণ, সহকারী শিক্ষক (বাংলা), (২) সুবাস চন্দ্র রায়, সহকারী শিক্ষক (ইংরেজি) এবং (৩) জয়কৃষ্ণ সেন, ৪র্থ শ্রেণির কর্মচারী (নৈশ প্রহরী) এর এমপিওভুক্তির জন্য আবেদন করলে রিজেক্ট করা হয়। তাদেরকে এমপিওভুক্তির জন্য অনুরোধ জানিয়েছেন।
৩.	জনাব নির্মল চন্দ্র রায়, প্রধান শিক্ষক, খোচাবাড়ী (১) উচ্চ বিদ্যালয়, কালীগঞ্জ, দেবীগঞ্জ, পঞ্চগড়।	পঞ্চগড় জেলার দেবীগঞ্জ উপজেলাধীন খোচাবাড়ী (১) উচ্চ বিদ্যালয় এর সহকারী প্রধান শিক্ষক জনাব নির্মল চন্দ্র রায় সহকারী শিক্ষক (শরীরচর্চা) থেকে সহকারী প্রধান শিক্ষক হিসেবে যোগদান করেছেন। তিনি এমপিওভুক্তির জন্য রংপুর অঞ্চলে আবেদন করলে রিজেক্ট করা হয়। তিনি তাকে সহকারী প্রধান শিক্ষক হিসেবে এমপিওভুক্তির জন্য অনুরোধ জানিয়েছেন।
৪	জনাব মোঃ আলতাব হোসেন, প্রধান শিক্ষক, চাকলাহাট বঙ্গবন্ধু বালিকা উচ্চ বিদ্যালয়, চাকলাহাট, সদর, পঞ্চগড়।	পঞ্চগড় জেলার সদর উপজেলাধীন চাকলাহাট বঙ্গবন্ধু বালিকা উচ্চ বিদ্যালয় ২১/১০/২০২১ তারিখে উচ্চ মাধ্যমিক পর্যায়ে এমপিও হয়। এমপিওভুক্তির জন্য আবেদন করলে (১) মোছাঃ শিরিনা আক্তার, সহকারী শিক্ষক (বাংলা) এবং (২) মোঃ আমিনুর রহমান প্রধান, সহকারী শিক্ষক (ইংরেজি) এর বাংলা ও ইংরেজি বিষয়ে ৩০০ নম্বর না থাকায় আবেদন রিজেক্ট করা হয়। তাদের এমপিওভুক্তির জন্য অনুরোধ জানিয়েছেন।

৫	জনাব মোঃ রায়হান কবির, সিনিয়র সাংবাদিক, বাংলাদেশ প্রতিদিন, কুষ্টিয়া ব্যুরো।	চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলাধীন খাসকররা ডিগ্রী কলেজের জনাব মোঃ রজব আলী ইনডেক্স ৩০০৮২৩৫, জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, প্রভাষক, ভূগোল, ইনডেক্স ৩০৮৭৩০৫, জনাব তানভীর আহমেদ, প্রভাষক, ইনডেক্স ৩০৯১৯২৫ এর বিরুদ্ধে অবৈধ নিয়োগ ও কোচিং বাণিজ্যে জড়িত মর্মে অভিযোগ করা হয়েছে। এ বিষয়ে তদন্তপূর্বক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়েছেন।
৬	জনাব খালিদ মাহমুদ চৌধুরী, মাননীয় সংসদ সদস্য, প্রতিমন্ত্রী, নৌপরিবহন মন্ত্রণালয়।	দিনাজপুর জেলার বোচাগঞ্জ উপজেলাধীন সেতাবগঞ্জ মহিলা কলেজ এর প্রদর্শক (কম্পিউটার শিক্ষা) জনাব গৌরী রানী সেন ০৭/০৪/১৯৯৯ সালে নিয়োগ পেয়ে এখনও এমপিওভুক্ত হতে পারেনি। তাকে এমপিওভুক্তির জন্য অনুরোধ জানিয়েছেন।
৭	জনাব মোঃ আনারুল ইসলাম, সহকারী শিক্ষক, (তথ্য ও প্রযুক্তি বিভাগ), রোল নং ৩১৩০১৯১১, ব্যাচ নং-৮, গৌরপুর নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, সাপাহার, নওগাঁ।	নওগাঁ জেলার সাপাহার উপজেলাধীন গৌরপুর নিম্ন মাধ্যমিক বিদ্যালয় এর সহকারী শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) জনাব মোঃ আনারুল ইসলাম এনটিআরসিএ কর্তৃক ৩য় চক্রে সুপারিশপ্রাপ্ত হয়ে কর্মরত আছেন। কিন্তু অদ্যাবধি এমপিওভুক্ত হতে না পেরে তাকে এমপিওভুক্ত করার জন্য অনুরোধ জানিয়েছেন।
৮	জনাব মোঃ ইব্রাহীম খলিল, এনটিআরসিএ রোল-৩১৩০৩০৩০, ব্যাচ-১০তম, ফুলজোড় রহিম জাফর উচ্চ বিদ্যালয়, মাদারগঞ্জ, জামালপুর।	জামালপুর জেলার মাদারগঞ্জ উপজেলাধীন ফুলজোর রহিম জাফর উচ্চ বিদ্যালয় এর সহকারী শিক্ষক (তথ্য ও যোগাযোগ) জনাব মোঃ ইব্রাহীম খলিল এনটিআরসিএ কর্তৃক ৩য় চক্রে সুপারিশপ্রাপ্ত হয়ে কর্মরত আছেন। কিন্তু অদ্যাবধি এমপিওভুক্ত হতে না পারায় তাকে এমপিওভুক্ত করার জন্য অনুরোধ জানিয়েছেন।
৯	জনাব মোঃ হজরত আলী, প্রধান শিক্ষক, কলমা বালিকা উচ্চ বিদ্যালয়, তানোর, রাজশাহী।	রাজশাহী জেলার তানোর উপজেলাধীন কলমা বালিকা উচ্চ বিদ্যালয়ের সহকারী গ্রন্থাগারিক মোসাঃ নাজমুন নাহার ২০/৪/২০১৪ তারিখে যোগদান করেন। নিয়োগকালীন তার লাইব্রেরী এ্যান্ড ইনফরমেশন সাইন্স সনদ দারুল ইহসান বিদ্যালয়ের হওয়ায় পরবর্তীতে তিনি জাতীয় বিদ্যালয়ের অধীন বগুড়া লাইব্রেরী সাইন্স কলেজ থেকে সনদ অর্জন করায় মোসাঃ নাজমুন নাহারকে এমপিওভুক্তি করার জন্য অনুরোধ জানিয়েছেন।
১০	জনাব মোঃ রেজাউল হাসান, প্রধান শিক্ষক, আসাতননেছা বালিকা উচ্চ বিদ্যালয়, শাজাহানপুর, বগুড়া।	বগুড়া জেলার শাজাহানপুর উপজেলাধীন ডেমাজানী শহীদ মোকলেছুর রহমান উচ্চ বিদ্যালয়ে ছাত্রী ভর্তি করার অনুমতি না থাকার পরও উক্ত বিদ্যালয়ে ছাত্রী ভর্তি করায় পাশ্চাত্য আসাতননেছা বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক ডেমাজানী শহীদ মোকলেছুর রহমান উচ্চ বিদ্যালয়ে প্রধান শিক্ষক জনাব আব্দুল্লাহ আল মামুন মুতি এর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়েছেন।



০২। এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।


(মোঃ মিজানুর রহমান)
উপসচিব

ফোন : ৯৫৪০৫১৭

ই-মেইল : ds.mpo@moedu.gov.bd

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

শিক্ষা ভবন, ঢাকা।

নং-৩৭.০০.০০০০.০৭৪.০২৮.০০১.২০২০-৭১

তারিখ: ২২ চৈত্র, ১৪২৯ বঙ্গাব্দ
০৫ এপ্রিল, ২০২৩ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে :

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. অধ্যক্ষ/প্রধান শিক্ষক.....।
৪. অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
৫. জনাব.....।
৬. অফিস কপি।